

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৬৯০

কুমারঘাট, ১৬ নভেম্বর, ২০২৩

বিকশিত ভারত সংকল্প যাত্রা  
পেঁচারথল টাউনহলে শিবির

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে আজ পেঁচারথল টাউনহলে এক শিবির অনুষ্ঠিত হয়। পেঁচারথল, আন্ধারছড়া ও পূর্ব আন্ধারছড়া ভিলেজের সকলস্তরের মানুষের কাছে সরকারি প্রকল্প ও পরিষেবার সুফল পৌঁছে দিতে এই শিবিরের আয়োজন করা হয়। তাছাড়াও এদিন টাউনহলে অনুষ্ঠিত হয় পেঁচারথল ব্লকভিত্তিক যুব উৎসব। শিবিরের উদ্বোধন করে পেঁচারথল বিএসি'র চেয়ারম্যান সজল চাকমা বলেন, সমাজের অস্তিম ব্যক্তির কাছে সরকারি সুযোগ পৌঁছে দিতেই এই শিবিরের আয়োজন। গতকাল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দিল্লি থেকে এক অনুষ্ঠানের মাধ্যমে বিকশিত ভারত সংকল্প যাত্রার সূচনা করে সারা দেশের মানুষের জন্য এই সুযোগ করে দিয়েছেন। পরবর্তী পর্যায়ে এই কর্মসূচির অঙ্গ হিসেবে সরকারি প্রকল্পের প্রচার সম্বলিত রথ আসবে ব্লকের প্রতিটি ভিলেজে। এই রথ থেকেও সরকারি পরিষেবার সুযোগ সম্প্রসারিত করা হবে শিবিরের মাধ্যমে। তিনি বলেন, যুবদের সাহিত্য, সংস্কৃতি ও খেলাধুলায় উৎসাহ প্রদানে যুবউৎসব আয়োজনের বিশেষ তাৎপর্য রয়েছে। অনুষ্ঠানে স্বাগত ভাষণ রাখেন বিডিও সাগর দেববর্মা। এছাড়া বক্তব্য রাখেন জেলা যুব আধিকারিক অর্জুন দেবনাথ, পেঁচারথল ব্লকের ওবিসি কমিটির চেয়ারম্যান নিতিশ সরকার ও সমাজসেবী আশুতোষ ধর। শিবিরে স্বাস্থ্যবিধি ও পানীয়জল, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা, স্বাস্থ্য, প্রাণী সম্পদ বিকাশ, মাছমারা সাব জোনাল, কৃষি, পূর্ত, বন, মৎস্য, শিক্ষা, ব্যাঙ্ক, শ্রম, পঞ্চায়েত, শিল্প ও বাণিজ্য ইত্যাদি দপ্তর থেকে সরকারি পরিষেবা প্রদান ও সচেতনতা গড়ে তোলা হয়। শিবিরে মহকুমা প্রশাসন থেকে ৩৯টি এসটি, ৪১টি পিআরটিসি, ৩টি ওবিসি সার্টিফিকেট প্রদানের জন্য আবেদনপত্র গ্রহণ করা হয়। আয়ের সার্টিফিকেট প্রদান করা হয় ৪৮টি। এছাড়া শিল্প ও বাণিজ্য দপ্তর থেকে স্বাবলম্বন প্রকল্পে ৩ জনকে মোট ১৮ লক্ষ ৩০ হাজার টাকার ঋণ চেক প্রদান করা হয় এবং পিএমইজিপিতে ৩ জনকে মোট ১৩ লক্ষ ৫০ হাজার টাকা ঋণের অনুমোদন দেওয়া হয়। স্বাস্থ্য দপ্তর থেকে ৩০ জনের আয়ুস্মান কার্ডের জন্য অনলাইন আবেদন করা হয়। অনুরূপভাবে কুমারঘাট ব্লকের রেলকলোনী এসবি স্কুলেও বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন শিবির অনুষ্ঠিত হয়।

যুব উৎসবে বিভিন্ন বিষয়ে একক ও দলগত সাংস্কৃতিক প্রতিযোগিতা, খেলাধুলা, বক্তৃতা, হস্তকারুশিল্প, বস্ত্র শিল্প ও কৃষি পণ্য উৎপাদনের উপর প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এবছর যুব উৎসবের ভাবনা-‘ভ্রাতৃত্ব, শান্তি-সম্প্রীতি ও উন্নয়নের জন্য যুব সমাজ।

\*\*\*\*\*